

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নং-১৩.০১.০০০০.০৫১.৫৭.০৩১.১৯.১১৮৮(৭)

তারিখ: ১৮.১১.২০১৯ খ্রি।

**বিষয় : খাদ্যবান্ধব কর্মসূচিতে প্রকৃত হতদরিদ্রদের ভোক্তা তালিকায় অন্তর্ভুক্তি ও অভিযোগ নিরসন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান প্রান্তিকে (সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর/১৯) সারাদেশে খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিতরণ চলমান আছে। ‘মুজিব বর্ষ’ উপলক্ষে ২০২০ সালে ০৭ মাস ব্যাপী (মার্চ/২০ থেকে মে/২০ এবং সেপ্টেম্বর থেকে ডিসেম্বর/২০ সময়কাল) খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিতরণ অব্যাহত থাকবে মর্মে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহিত হয়েছে। তাই এ কর্মসূচি সফলভাবে পরিচালনা করা একান্তভাবে কাম্য।

২। খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকায়, অস্বচ্ছল ও হতদরিদ্রদের পরিবর্তে আর্থিকভাবে স্বচ্ছল ও ক্ষমতাবান এবং ভূঁয়া ব্যক্তিদের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে বিভিন্ন সময়ে সংবাদ প্রকাশিত হচ্ছে। এছাড়াও পূর্বে তালিকাভুক্ত অনেক উপকারভোগী মৃত্যুবরণ করলেও মূলতালিকা সংশোধন করা হয়নি মর্মে জানা যায়।

৩। অন্যদিকে, খাদ্যবান্ধব কর্মসূচিতে সঠিক ওজন-মান বজায় রেখে খাদ্যশস্য বিতরণ করা হচ্ছে না মর্মে অভিযোগ আছে এবং নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরেজমিন পরিদর্শনেও বিষয়টি পরিলক্ষিত হয়েছে। ফলে এ কর্মসূচির মূল উদ্দেশ্য শতভাগ অর্জিত হচ্ছেনা বলে অনুমিত হচ্ছে।

এমতাবস্থায়, খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর তালিকা হতে মৃত, অস্বচ্ছল ও ভূঁয়া ব্যক্তিদের পরিবর্তে প্রকৃত হতদরিদ্রদেরকে অন্তর্ভুক্ত করে তালিকা সংশোধনের ব্যবস্থাকরত এ কার্যক্রমকে সাফল্যমন্ডিত করার সর্বাঙ্গিক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। ভবিষ্যতে এ কার্যক্রমে কোন ভুল বা গাফিলতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে মহাপরিচালক, মহোদয়ের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-

(মো: আমজাদ হোসেন)

পরিচালক

ফোন নং- ৯৫৫৩৮৭৮।

[dsdm@dgfood.gov.bd](mailto:dsdm@dgfood.gov.bd)

প্রাপক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,


ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

স্মারক নং-১৩.০১.০০০০.০৫১.৫৭.০৩১.১৯.১১৮৮/৭(১)


তারিখ: ১৮.১১.২০১৯ খ্রি।

অনুলিপি :

✓ সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
পরিচালক

সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ

  
১৮.১১.১৯